# জীবনানন্দ দাশ : কালপঞ্জি

দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়

১৮৯৪ : ২৩ মে বরিশাল ব্রহ্মমন্দিরে সর্বানন্দ দাসের দ্বিতীয় পুত্র সত্যানন্দ ও চন্দ্রনাথ দাসের প্রথমা কন্যা কুসুমকুমারীর বিবাহ, আচার্য গিরিশচন্দ্র মজুমদার।

১৮৯৯ : ১৭ ফেব্রুয়ারি সত্যানন্দ-কুসুমকুমারীর প্রথম সন্তান জীবনানন্দের জন্ম, বরিশাল।

১৯০০ : এপ্রিল, বৈশাখ ১৩০৭ বাড়ি থেকে "ধর্ম, নীতি, শিক্ষা ও সমাজতত্ত্ব বিষয়ক" ২০ পৃষ্ঠা ব্যাপী মাসিকপত্র 'ব্রহ্মবাদী'র প্রকাশারম্ভ। নাম ক্ষেত্রনাথ ঘোষের দেওয়া, সম্পাদক সত্যানন্দ দাস।

১৯০১ : ১২ অক্টোবর সত্যানন্দের দ্বিতীয় পুত্র অশোকানন্দের জন্ম।

১৯০৫ : ১৯ জুলাই বঙ্গভঙ্গ আইনের বিরুদ্ধে 'বরিশাল হিতৈষী' পত্রিকার বয়কটের আহ্বান। ৬ অগস্ট বরিশালে অশ্বিনীকুমার দত্তের সভাপতিত্বে স্বদেশবান্ধব সমিতি প্রতিষ্ঠিত। ১৬ অক্টোবর বঙ্গভঙ্গ কার্যকর হবার শুরুর দিনে বাংলায় ঘরে ঘরে রাখীবন্ধন উৎসব পালিত।

১৯০৬ : সত্যানন্দ অসুস্থ হয়ে পড়লে 'ব্রহ্মবাদী' পত্রিকার স্বত্ব ও দায়িত্ব ভগিনীপতি মনোমোহন চক্রবর্তীকে হস্তান্তর। ১৪-১৫ এপ্রিল বরিশাল প্রাদেশিক কন্‌ফারেন্সে নিষিদ্ধ 'বন্দেমাতরম্' স্লোগান তোলার অপরাধে পুলিশ কর্তৃক সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, অশ্বিনীকুমার দত্ত প্রমুখ নেতৃবর্গের লাঞ্ছনা ও সভা পণ্ড। দুর্ভিক্ষের কবলে বরিশাল। ৫ সেপ্টেম্বর ত্রাণকার্য পরিদর্শনার্থে ভগিনী নিবেদিতা বরিশালে।

১৯০৮ : জানুয়ারি, জীবনানন্দের বরিশাল ব্রজমোহন স্কুলে পঞ্চম শ্রেণীতে ভরতি।

১৯০৯ : অসুস্থতার কারণে বাবার সঙ্গে হাওয়াবদলের জন্য গিরিডিতে।

১৯১১ : ১২ ডিসেম্বর দিল্লি দরবারে বঙ্গভঙ্গ রদের ঘোষণা।

১৯১৪ : ৪ অগস্ট প্রথম বিশ্বযুদ্ধ শুরু।

১৯১৫ : ব্রজমোহন স্কুল থেকে ১ম বিভাগে প্রবেশিকা পাশ করে জীবনানন্দের ব্রজমোহন কলেজে প্রবেশ। ১ এপ্রিল ছোটো বোন সুচরিতার জন্ম।

১৯১৬ : জুন, রবীন্দ্রনাথ ঠাকুরের 'বলাকা' কাব্য প্রকাশিত।

১৯১৭ : ব্রজমোহন কলেজ থেকে আই.এ. পাশ করে কলকাতা অক্সফোর্ড মিশন হস্টেলে বাস নিয়ে প্রেসিডেন্সি কলেজে বি. এ. ক্লাসে ভরতি।

১৯১৮ : ১১ নভেম্বর আর্মিস্টিস্ দিবস। প্রথম বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি।

১৯১৯ : প্রেসিডেন্সি কলেজ থেকে ইংরেজি অনার্স-সহ বি. এ. পাশ। ১৩ এপ্রিল পাঞ্জাবের জালিয়ানওয়ালাবাগে হত্যাকাণ্ড। প্রতিবাদে লাট-কাউন্সিলের সদস্য সি. শঙ্করণ নায়ারের পদত্যাগ, রবীন্দ্রনাথের নাইট রাজখেতাব প্রত্যাহার।

১৯১৯-২১ : কলকাতা হার্ডিঞ্জ হস্টেলে থেকে আইন ও ইংরেজিতে এম. এ. পাঠ।

১৯২০ : ১ অগস্ট ভারতব্যাপী সর্বাত্মক হরতালের মধ্য দিয়ে অসহযোগ আন্দোলনের শুরু। নভেম্বরে মানবেন্দ্রনাথ রায়ের প্রচেষ্টায় তাসখন্দে ভারতের কমিউনিস্ট পার্টি গঠিত।

১৯২১ : কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে এম.এ. পাশ।

১৯২২ : কলকাতা সিটি কলেজে ইংরেজি বিভাগে টিউটর পদে নিযুক্তি। ১৮/২ বেচু চ্যাটার্জি স্ট্রিটের বাসাবাড়িতে ভাই অশোকানন্দ-সহ বসবাস। ২৫ জুন সত্যেন্দ্রনাথ দত্তের মৃত্যু। অক্টোবরে কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্য প্রকাশিত। ৩০ ডিসেম্বর সরকারিভাবে U.S.S.R প্রতিষ্ঠা।

১৯২৩ : রাজদ্রোহমূলক রচনার অভিযোগে নজরুল ইসলামের এক বছর সশ্রম কারাদণ্ড। ১২-১৩ মে শ্যামসুন্দর চক্রবর্তীর সভাপতিত্বে বরিশালে প্রদেশ কংগ্রেস কমিটির অধিবেশনে চিত্তরঞ্জন দাশের কংগ্রেস স্বরাজ পার্টির প্রচার। ৩০ মে সর্বানন্দ ভবনে জীবনানন্দের বরিশাল ব্রাহ্মবন্ধু সভায় 'ব্রাহ্মসমাজ সম্বন্ধে কয়েকটি চিন্তা' শীর্ষক লিখিত প্রবন্ধ পাঠ। ৭ নভেম্বর কলকাতায় অশ্বিনীকুমার দত্তের মৃত্যু।

১৯২৫ : বঙ্গবাণী, প্রবাসী, কল্লোল ও বিজলী পত্রিকায় নিয়মিত কবিতা প্রকাশ। ১৬ জুন চিত্তরঞ্জন দাশের মৃত্যু : 'দেশবন্ধুর প্রয়াণে' কবিতা, *বঙ্গবাণী*, শ্রাবণ ১৩৩২ ('ঝরা পালকে' 'দেশবন্ধু' নামে)। ১ অক্টোবর দাদামশাইয়ের অগ্রজ ব্রাহ্মসমাজের প্রচারক কালীমোহন দাসের মৃত্যু, শ্রাদ্ধবাসরে জীবনানন্দের পঠিত 'স্বর্গীয় কালীমোহন দাশের শ্রাদ্ধবাসরে' রচনা *ব্রহ্মবাদী* অগ্রহায়ণ-পৌষ, মাঘ-ফাল্গুন ও চৈত্র ১৩৩২ তিন সংখ্যায় প্রকাশিত।

১৯২৬ : ফেব্রুয়ারি, 'নীলিমা' কবিতা *কল্লোল*, ফাল্গুন ১৩৩২ সংখ্যায় প্রকাশিত। এপ্রিল-জুলাইয়ের মধ্যে কলকাতায় তিনবার রক্তক্ষয়ী সাম্প্রদায়িক দাঙ্গা : 'হিন্দু-মুসলমান' কবিতা, *বঙ্গবাণী*, আষাঢ় ১৩৩৩।

১৯২৭ : অশোকানন্দের পুণার কর্মস্থলে ও বোম্বাইয়ে ভ্রমণ। অক্টোবর, 'ঝরা পালক' প্রকাশিত ১০ আশ্বিন ১৩৩৪।

১৯২৮ : সরস্বতী পুজোর পর কলেজের কর্মীসংকোচ নীতিতে কনিষ্ঠ সতীর্থদের সঙ্গে জীবনানন্দেরও কর্মচ্যুতি। *শনিবারের চিঠির* 'সংবাদ-সাহিত্য' বিভাগে আধুনিক কবি-লেখকদের নিয়ে তিক্ত পরিহাসে তিনিও প্রধানভাবে অন্তর্ভুক্ত।

১৯২৯ : খুলনা বাগেরহাট কলেজে ২ মাস ২০ দিন স্থায়ী অধ্যাপনা। সেপ্টেম্বর-অক্টোবরে আসামের ডিব্রুগড় ও মাকুমে দুই কাকা অতুলানন্দ ও ব্রহ্মানন্দের বাড়িতে অবকাশ যাপন। ২৪ অক্টোবর নিউ ইয়র্ক ওয়াল স্ট্রীট শেয়ার বাজারে ধস। ডিসেম্বরে দিল্লির রামযশ কলেজে যোগদান।

১৯৩০ : মার্চ, রামযশ কলেজের চাকুরি থেকে বরখাস্ত। দেশে প্রত্যাবর্তন। ১২ মার্চ গুজরাটের সমুদ্রোপকূলে ডাণ্ডিতে সপরিকর গান্ধির লবণ আইন ভঙ্গ। ৯ মে, ২৬ বৈশাখ

১৩০৭ ঢাকা ব্রাহ্মসমাজ মন্দিরে রোহিণীকুমার গুপ্তের দ্বিতীয় কন্যা লাবণ্যর সঙ্গে বিবাহ। আচার্য মনোমোহন চক্রবর্তী। ২০ জুন, ৫ আষাঢ়, ১৩৩৭ পিতামহী প্রসন্নকুমারীর মৃত্যু।

১৯৩১ : ১৫ ফেব্রুয়ারি কন্যা মঞ্জুশ্রীর জন্ম। প্রথম গল্প লেখার খাতা। এ-বছরে বরিশালে বসে ১৪টি গল্প, তার মধ্যে একটি বড়ো গল্প 'পূর্ণিমা' লিখেছেন নভেম্বরে।

১৯৩২ : জানুয়ারি, *পরিচয়* মাঘ ১৩৩৮ সংখ্যায় 'ক্যাম্পে' কবিতা প্রকাশিত এবং সজনীকান্ত দাস প্রমুখগণের কৃত অশ্লীলতার দায়ে অভিযুক্ত। জুনের খাতায় তিনটি গল্প রচনা।

১৯৩৩ : ফেব্রুয়ারি, 'বিভা' উপন্যাসের সূত্রপাত। অগস্ট, প্রেসিডেন্সি বোর্ডিং হাউসে বসে 'জীবনপ্রণালী' এবং বরিশালে 'কারুবাসনা' ও 'প্রেতিনীর রূপকথা' উপন্যাস।

১৯৩৪ : পাণ্ডুলিপির ৬ নম্বর খাতায় মার্চে লেখা 'রূপসী বাংলা'র কবিতা। ১৮ মে বরিশালের স্বদেশী যাত্রাধিকারী মুকুন্দ দাসের মৃত্যু, ২২ মে বরিশাল টাউনহলে শোকসভা।

১৯৩৫ : অগস্ট : বরিশাল ব্রজমোহন কলেজের ইংরেজি বিভাগে টিউটর হিসাবে যোগদান, পরের বছর লেক্‌চারার রূপে পদোন্নতি। জুন, লাবণ্য বি. এম. কলেজ থেকে বি. এ. পরীক্ষায় উত্তীর্ণ। *কবিতা* ১ম সংখ্যায় (আশ্বিন ১৩৪২) প্রকাশিত তাঁর 'মৃত্যুর আগে' কবিতা পড়ে রবীন্দ্রনাথের 'চিত্ররূপময়' এই বহু আলোচিত আখ্যা। *কবিতার* ২য় পৌষ, ১৩৪২ সংখ্যায় 'বনলতা সেন' কবিতা প্রকাশিত।

১৯৩৬ : অব্যাহতভাবে গল্প রচনা। এপ্রিল, লক্ষ্ণৌয়ে মুন্সী প্রেমচন্দ-এর সভাপতিত্বে নিখিল ভারত প্রগতি লেখক সঙ্ঘের প্রথম প্রকাশ্য অধিবেশন। ১৭ জুলাই স্পেনে গৃহযুদ্ধের সূচনা। ২৯ নভেম্বর পুত্র সমরানন্দের জন্ম। ডিসেম্বর, অগ্রহায়ণ ১৩৪৩ 'ধূসর পাণ্ডুলিপি' কাব্য প্রকাশিত।

১৯৩৭ : মার্চ, *কবিতা*, চৈত্র ১৩৪৩ সংখ্যায় বুদ্ধদেব বসু কৃত 'প্রকৃতির কবি' নামে 'ধূসর পাণ্ডুলিপি'র বিস্তৃত সপ্রশংস আলোচনা। *ব্রজমোহন কলেজ পত্রিকায়* 'উত্তররৈবিক বাংলা কবিতা' প্রবন্ধ প্রকাশিত। বরিশাল টাউন হলে বঙ্গীয় সাহিত্য পরিষদের অধিবেশনে শরৎচন্দ্র সম্বন্ধে প্রবন্ধ পাঠ।

১৯৩৮ : *ব্রজমোহন কলেজ পত্রিকার* বসন্ত ১৩৪৫ সংখ্যায় বরিশাল সাহিত্য পরিষদে পঠিত 'শরৎচন্দ্র' প্রবন্ধ প্রকাশিত। *কবিতা* পত্রিকার বৈশাখ ১৩৪৫ বিশেষ সংখ্যায় 'কবিতার কথা' প্রবন্ধ প্রকাশিত। রবীন্দ্রনাথ ঠাকুর সম্পাদিত 'বাংলা কাব্যপরিচয়' (শ্রাবণ ১৩৪৫) সংকলনে খণ্ডিতাকারে 'মৃত্যুর আগে' কবিতা সংকলিত।

১৯৩৯ : আবু সয়ীদ আইয়ুব ও হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় সম্পাদিত আধুনিক বাংলা কবিতা (শ্রাবণ ১৩৪৬) সংকলনে জীবনানন্দের 'পাখিরা', 'শকুন', 'বনলতা সেন' ও 'নগ্ন নির্জন হাত' ৪টি কবিতা গৃহীত। ৩ সেপ্টেম্বর ইয়োরোপে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু। পূজার ছুটিতে অশোকানন্দর কর্মস্থল পুণায় বসে ২৫ নম্বর পাণ্ডুলিপি খাতায় ২৯টি কবিতা রচিত।

১৯৪০ : মার্চ, মুসলিম লীগের লাহোর অধিবেশনে ভারত ভাগ ও পাকিস্তান সৃষ্টির প্রস্তাব গৃহীত। মানবেন্দ্রনাথ রায়ের কংগ্রেস ছেড়ে র‍্যাডিকাল ডেমোক্র্যাটিক পার্টি গঠন।

১৯৪১ : ৭ অগস্ট রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনাবসান। *ব্রজমোহন কলেজ পত্রিকা* ১৩৪৮ সংখ্যায় জীবনানন্দের 'রবীন্দ্রনাথ ও আধুনিক বাংলা কবিতা' প্রবন্ধ, *পূর্বাশা* রবীন্দ্রস্মৃতি সংখ্যা আশ্বিন ১৩৪৮ এবং *পরিচয়* অগ্রহায়ণ ১৩৪৮ সংখ্যায় 'রবীন্দ্রনাথ' নামে দুটি কবিতা প্রকাশিত। ২৮ মার্চ সুভাষচন্দ্র বসু গোপনে গৃহত্যাগ ও দেশত্যাগ করে বার্লিনে উপনীত।

১৯৪২ : ৮ মার্চ জাপানী সেনার রেঙ্গুন অধিকার। মে মাসে চট্টগ্রাম বিমানবন্দর ও ইম্ফলের লক্ষ্যে বাংলা ও আসামে দু-বার করে বিমান হানা। ৮ অগস্ট কংগ্রেসের বোম্বাই অধিবেশনে গৃহীত প্রস্তাবের ভিত্তিতে ভারত ছাড়ো আন্দোলন শুরু। ২২ নভেম্বর বরিশালে সত্যানন্দ দাসের মৃত্যু। ডিসেম্বর, কবিতাভবনের এক পয়সায় একটি সিরিজে 'বনলতা সেন' কবিতাপুস্তিকা প্রকাশিত। ২০ ডিসেম্বর কলকাতায় জাপানী বোমাবর্ষণ।

১৯৪৩ : সঞ্জয় ভট্টাচার্যের দীর্ঘ 'জীবনানন্দ দাশ' আলোচনা নিবন্ধ *নিরুক্ত*, আষাঢ় ১৩৫০। 'নির্জনতম কবি' নামে 'বনলতা সেনে'র আলোচনা, বুদ্ধদেব বসু : *কবিতা*, চৈত্র ১৩৫০। পঞ্চাশের ভয়াবহ মন্বন্তর। মে-জুন কলকাতায় অশোকানন্দ-নলিনীর বাড়িতে জীবনানন্দের গ্রীষ্মযাপন।

১৯৪৪ : জানুয়ারি : মন্বন্তর নিয়ে লেখা প্রথম উপন্যাস তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'মন্বন্তর'। জানুয়ারি : ফ্যাশিস্টবিরোধী লেখক ও শিল্পী সঙ্ঘ প্রকাশিত সংকলনে 'কেন লিখি' নামে জবানবন্দি রচনা। মার্চ : মন্বন্তরকালে লেখা গল্প-কবিতার দু-খানি সংকলন। সুকান্ত ভট্টাচার্য সম্পাদিত 'আকাল', পরিমল গোস্বামী সম্পাদিত 'মহামন্বন্তর'। জুলাই, পূর্বাশা লিমিটেড থেকে জীবনানন্দের 'মহাপৃথিবী' কাব্য প্রকাশিত। ডিসেম্বর : *কবিতা*, পৌষ ১৩৫১ সংখ্যায় 'নজরুল' শীর্ষক প্রবন্ধ।

১৯৪৫ : দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরিসমাপ্তি। ৮ মে ভি.ই. ডে বা Victory of Europe Day। অগস্ট ৬ ও ৯ আণব বোমায় জাপানের হিরোশিমা ও নাগাসাকি শহর ধ্বংস। ১৪ অগস্ট জাপানের আত্মসমর্পণ। মার্চ, 'মহাপৃথিবী' *কবিতা*, চৈত্র ১৩৫১র আলোচনায় বুদ্ধদেব বসু লেখেন, "মহাপৃথিবী'তে কোনা নতুন সুর লাগে নি; বস্তুত এই বই ভিন্ন নামে 'বনলতা সেনে'রই পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ। ডিসেম্বর, সিগনেট প্রেস প্রকাশিত Modern Bengali Poems সংকলনে মার্টির কার্কম্যান অনূদিত জীবনানন্দের *If I were, O Kite, Banalata Sen* ও *Meditation* ৪টি কবিতা গৃহীত হয়।

১৯৪৬ : জুন, *পূর্বাশা*, জ্যৈষ্ঠ ১৩৫৩ সংখ্যায় রামেন্দ্র দেশমুখ্যের একখানি কাব্য আলোচনার সূত্রে নীরেন্দ্রনাথ চক্রবর্তী কৃত জীবনানন্দের আশাবাদী মনোভাবের অভাব ও আত্মঘাতী ক্লান্তির অভিযোগ। পরের সংখ্যায় জীবনানন্দ তার উত্তর দেন। ৮ জুলাই থেকে ১৪ সেপ্টেম্বর কলেজে ছুটি নিয়ে অশোকানন্দের কলকাতার বাড়িতে।

১৬ অগস্ট মুসলিম লীগ ঘোষিত প্রত্যক্ষ সংগ্রাম দিবস, ১৬ থেকে ১৯ অগস্ট Great Calcutta Killing-এর পর্বে জীবনানন্দ কলকাতায়। শান্তি সেনার শচীন্দ্রনাথ মিত্র ও তাঁর সঙ্গীরা ত্রাণকার্যে রত থাকার কালে নিহত। ১৬ ও ১৯ অক্টোবর নোয়াখালি ত্রিপুরায় আরও ভয়াবহ দাঙ্গার বিস্তার।

১৯৪৭ : দেশভাগের আগে বরিশালের বাড়ি ছেড়ে জীবনানন্দ সপরিবারে কলকাতায়। অশোকানন্দের ১৮৩ ল্যান্সডাউন রোডের বাড়িতে এসে ওঠেন। কলেজ থেকে ছুটি নিয়ে এসেছিলেন। জুন মাসে চাকরি যায়। দৈনিক স্বরাজের (২৬ জানুয়ারি থেকে প্রকাশারম্ভ) রবিবারের ক্রোড়পত্রের সম্পাদক নিযুক্ত হয়েছিলেন, জুন-জুলাইয়ের মধ্যে সে-কাজও যায়। ২৯ জানুয়ারি সুকান্ত ভট্টাচার্যের মৃত্যু।

১৯৪৮ : ৩০ জানুয়ারি নয়াদিল্লিতে প্রার্থনাসভায় যাবার পথে গান্ধিজীর গুলিবিদ্ধ হয়ে মৃত্যু। জীবনানন্দের কবিতা 'মহাত্মা গান্ধী' : *পূর্বাশা*, ফাল্গুন ১৩৫৫; 'মহাত্মা' : *একক*, জ্যৈষ্ঠ ১৩৫৫। 'মাল্যবান' 'সুতীর্থ' 'জলপাইহাটি', 'বাসমতীর উপাখ্যান' চারখানি উপন্যাস লেখেন পর পর। গল্প লেখেন দুটি : 'হেমন্তের দিনগুলি' 'হুমায়ুন প্রেসের থেকে'। ডিসেম্বরে গুপ্ত রহমান অ্যান্ড গুপ্ত থেকে কাব্যগ্রন্থ বেরোয় 'সাতটি তারার তিমির', অগ্রহায়ণ। ২৫ ডিসেম্বর মা কুসুমকুমারীর মৃত্যু।

১৯৪৯ : ২১ সেপ্টেম্বর চীনা জনগণের রিপাবলিক প্রতিষ্ঠা। ৬ নভেম্বর 'দি স্টেট্‌স্‌ম্যান' কাগজে জীবনানন্দের *Bengali Poetry Today* প্রবন্ধ।

১৯৫০ : জুন, সমকালীন সাহিত্য কেন্দ্রের মুখপত্র 'দ্বন্দ্ব' নবপর্যায় পত্রিকার অন্যতম সম্পাদক। ২ সেপ্টেম্বর খড়্গপুর কলেজে ইংরেজির অধ্যাপক পদে যোগদান। ৩ সেপ্টেম্বর হিন্দুস্থান স্ট্যান্ডার্ড কাগজে *The Bengali Novel Today* প্রবন্ধ।

১৯৫১ : ১৬ ফেব্রুয়ারি খড়্গপুর কলেজ থেকে কর্মচ্যুতি।

১৯৫২ : 'বনলতা সেন' পরিবর্তিত সিগনেট সংস্করণ। শ্রাবণ ১৩৫৯। ২৬ জুলাই মোহিতলাল মজুমদারের মৃত্যু। নভেম্বরে বড়িশা কলেজে নতুন চাকুরি।

১৯৫৩ : ফেব্রুয়ারি : বড়িশা কলেজের চাকুরি শেষ। ৫ মার্চ জোসেফ স্তালিনের মৃত্যু। মে : ২ জ্যৈষ্ঠ ১৩৬০ মহাজাতি সদনে রবীন্দ্রোৎসব অনুষ্ঠানে নিখিলবঙ্গ রবীন্দ্রসাহিত্য সম্মেলন কর্তৃক 'বনলতা সেন' ১৯৫২-র শ্রেষ্ঠ বাংলা কাব্যরূপে পুরস্কৃত। পূজাবকাশে অশোকানন্দের কর্মস্থল দিল্লীতে। 'সীমান্ত' ও 'পরিচয়' পত্রিকার চৈত্র ১৩৫৯ ও শ্রাবণ ১৩৬০ সংখ্যায় জীবনানন্দকে আক্রমণ করে সরোজ বন্দ্যোপাধ্যায় ও সুভাষ মুখোপাধ্যায়ের প্রবন্ধ। জুন : *কবিতা*, আষাঢ় ১৩৬০ সংখ্যায় 'অন্ধকার' কবিতার কবি-কৃত অনুবাদ *Darkness* প্রকাশিত। গ্রীষ্মের ছুটির পর হাওড়া গার্লস্ কলেজে ইংরেজির অধ্যাপকরূপে যোগদান। আমৃত্যু এই কর্মস্থলে যুক্ত ছিলেন।

১৯৫৪ : ২৮ জানুয়ারি সেনেট হলের দু-দিন ব্যাপী কবিসম্মেলনের প্রথম দিনে 'বনলতা সেন'-সহ ৪টি কবিতা পাঠ; মার্চ, বুদ্ধদেব বসু সম্পাদিত 'আধুনিক বাংলা কবিতা'

(ফাল্গুন ১৩৬০) সংকলনে জীবনানন্দের 'বনলতা সেন', 'হায় চিল', 'বেড়াল', 'হাওয়ার রাত', 'সমারূঢ়', 'আকাশলীনা', 'আট বছর আগের একদিন' 'পাখীরা', 'শকুন' ও 'নগ্ন নির্জন হাত' এই ১০টি কবিতা গৃহীত হয়। মার্চ ১ বিকিনি দ্বীপে মার্কিন হাইড্রোজেন বোমার পরীক্ষা বিস্ফোরণ। মে, 'জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা' প্রকাশিত। ১৭ সেপ্টেম্বর যতীন্দ্রনাথ সেনগুপ্তের মৃত্যু। ১৩ অক্টোবর রেডিয়ো মাস উপলক্ষে আয়োজিত কলকাতা রেডিয়োর কবিসম্মেলনে জীবনানন্দের 'মহাজিজ্ঞাসা' কবিতা পাঠ। ১৪ অক্টোবর সন্ধ্যায় ট্রাম দুর্ঘটনায় আহত। ২২ অক্টোবর শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে রাত্রি ১১টা ৩৫-এ মৃত্যু। *দেশ*, ৩০ অক্টোবর সংখ্যায় সঞ্জয় ভট্টাচার্যের 'জীবনানন্দ দাশের কবিতা', *আনন্দবাজার পত্রিকায়* ৩১ অক্টোবর সংখ্যায় অজিত দত্তের 'কবি জীবনানন্দ' প্রবন্ধ। ২৫ ডিসেম্বর স্টেটসম্যান ম্যাগাজিনে চিদানন্দ দাশগুপ্তের প্রবন্ধ *Jibanananda Das*।

১৯৫৫ : ফেব্রুয়ারি, 'জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা' ১৯৪৭-১৯৫৪-র শ্রেষ্ঠ বাংলা সাহিত্য হিসাবে সাহিত্য আকাদেমি পুরস্কার লাভ।

১৯৫৬ : ফেব্রুয়ারি, জীবনানন্দের ১৫টি গদ্যপ্রবন্ধের সংগ্রহ 'কবিতার কথা' ৬ ফাল্গুন ১৩৬২ প্রকাশিত।

১৯৫৭ : ৩১ জুলাই অশোকানন্দ দাশ কর্তৃক 'রূপসী বাংলা' কাব্য প্রকাশিত।

১৯৫৮ : অগস্ট, দীপ্তি ত্রিপাঠীর 'আধুনিক বাংলা কাব্য পরিচয়' (শ্রাবণ ১৩৬৫) গবেষণাগ্রন্থে পাঁচজন মুখ্য কবির অন্যতম রূপে জীবনানন্দ সম্বন্ধে ৬১ পৃষ্ঠা আলোচনা।

১৯৬০ : অক্টোবর, বীরেন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত জীবনানন্দকে নিবেদিত কবিতা সংকলন 'জীবনায়ন' হেমন্ত ১৩৬৭।

১৯৬১ : মে, 'বেলা অবেলা কালবেলা' কাব্য বৈশাখ ১৩৬১।

১৯৬২ : পুরুষোত্তম লাল কর্তৃক রাইটার্স ওয়ার্কশপ প্রকাশিত *Banalata Sen* : Poem by Jibanananda Das. সেপ্টেম্বর, বিষ্ণু দে সম্পাদিত *একালের কবিতায়* জীবনানন্দের 'সিন্ধুসারস', 'বাংলার মুখ', 'তোমার বুকের থেকে', 'ধান কাটা হয়ে গেছে', 'হায় চিল', 'হাজার বছর শুধু খেলা করে', 'সমারূঢ়', 'ভিখিরী', 'বুনো হাঁস', 'শব', 'ঘাস', 'সুবিনয় মুস্তফী', 'ঘোড়া' ও 'তিমিরহননের গান' এই ১৪টি কবিতা অন্তর্ভুক্ত হয়।

১৯৬৫ : অক্টোবর, অম্বুজ বসু : 'একটি নক্ষত্র আসে', প্রথম পূর্ণাঙ্গ আলোচনার বই।

১৯৬৯ : অগস্ট, ঢাকা থেকে রণেশ দাশগুপ্ত সম্পাদিত 'জীবনানন্দ দাশের কাব্যসম্ভার' ১৭ ভাদ্র ১৩৭৬।

১৯৭০ : মার্চ, সঞ্জয় ভট্টাচার্য কৃত 'কবি জীবনানন্দ দাশ'। মে, বেঙ্গল পাবলিশার্স প্রকাশিত 'জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থ' প্রথম খণ্ড বৈশাখ।

১৯৭১ : মে, লাবণ্য দাশের 'মানুষ জীবনানন্দ' জ্যৈষ্ঠ ১৩৭৮। জুন, বেঙ্গল পাবলিশার্স প্রকাশিত 'জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থ' দ্বিতীয় খণ্ড। অগস্ট : গোপালচন্দ্র রায় কৃত কবিজীবনী 'জীবনানন্দ' শ্রাবণ ১৩৭৮।

১৯৭২ : জুন, 'জীবনানন্দ দাশের গল্প' : সুকুমার ঘোষ সুবিনয় মুস্তাফী সম্পাদিত জীবনানন্দের 'অনুক্ত' পত্রিকায় প্রকাশিত তিনটি গল্প। সাহিত্য আকাদেমির Makers of Indian Literature সিরিজে চিদানন্দ দাশগুপ্ত কৃত *Jibanananda Das*।

১৯৭৩ : অগস্ট, গোপালচন্দ্র রায় সংকলিত জীবনানন্দের 'সুদর্শনা' কাব্য ভাদ্র ১৩৮০। সেপ্টেম্বর, নিউস্ক্রিপ্ট প্রকাশিত জীবনানন্দের প্রথম উপন্যাস 'মাল্যবান'।

১৯৭৭ : মে, আবদুল মান্নান সৈয়দ সংকলিত 'জীবনানন্দ দাশের পত্রাবলী'। বেঙ্গল পাবলিশার্স প্রকাশিত 'সুতীর্থ' উপন্যাস।

১৯৭৮ : ফেব্রুয়ারি, দীপেনকুমার রায় সংকলিত 'জীবনানন্দ দাশের পত্রাবলী'।

১৯৭৯ : অক্টোবর, 'মনবিহঙ্গম' কাব্য কার্তিক ১৩৮৬।

১৯৮২ : মার্চ, অশোকানন্দ দাশ সংগৃহীত 'আলোপৃথিবী' কাব্য।

১৯৮৪ : 'জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা' পরিবর্তিত ভারবি সংস্করণ। ২৪ ফেব্রুয়ারি প্রতিক্ষণ প্রকাশিত 'রূপসী বাংলা প্রকাশিত-অপ্রকাশিত' ফ্যাক্‌সিমিলি সংস্করণ। নভেম্বর, অমলেন্দু বসু প্রণীত 'জীবনানন্দ'।

১৯৮৫ : জানুয়ারি, প্রতিক্ষণ প্রস্তাবিত ১২ খণ্ড 'জীবনানন্দ সমগ্র' পাণ্ডুলিপি থেকে উদ্ধার করে প্রকাশারম্ভ, দ্বাদশ ও শেষ খণ্ড প্রকাশিত হয় জানুয়ারি ১৯৯৮-এ। ফেব্রুয়ারি, সুব্রত রুদ্র বিশদীকৃত জীবনানন্দের অগ্রন্থিত ৭টি প্রবন্ধ।

১৯৮৬ : মে, দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় : 'জীবনানন্দ দাশ : বিকাশ প্রতিষ্ঠার ইতিবৃত্ত'।

১৯৯০ : ফেব্রুয়ারি, 'জীবনানন্দ দাশের প্রবন্ধ সমগ্র', ফয়জুল লতিফ চৌধুরী সম্পাদিত, ঢাকা ফাল্গুন ১৩৯৬। ক্লিন্টন বি সিলী : *A Poet Apart* : A literary Biography of the Bengali Poet Jibanananda Das।

১৯৯২ : ২৯ ফেব্রুয়ারি অশোকানন্দ দাশের মৃত্যু।

১৯৯৩ : জানুয়ারি, 'জীবনানন্দ দাশের কাব্যসংগ্রহ' : দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত, শ্রীপঞ্চমী মাঘ ১৩৯৯।

১৯৯৪ : ফেব্রুয়ারি, 'প্রকাশিত-অপ্রকাশিত কবিতাসংগ্রহ', আবদুল মান্নান সৈয়দ সম্পাদিত, ফাল্গুন ১৪০০।

১৯৯৮ : ডিসেম্বর, প্রতিক্ষণ প্রকাশিত পাণ্ডুলিপি থেকে আহৃত জীবনানন্দের নতুন কাব্য 'হে প্রেম, তোমারে ভেবে ভেবে', আংশিকভাবে কবিতার ফোটোচিত্র সংবলিত। ২৩ অক্টোবর ঢাকুরিয়া স্টেশনের কাছে *জীবনানন্দ সেতু* উদ্‌বোধন।

১৯৯৯ : ফেব্রুয়ারি, ঢাকা থেকে প্রকাশিত 'জীবনানন্দ দাশের অগ্রন্থিত প্রবন্ধাবলি', ফয়জুল লতিফ চৌধুরী সম্পাদিত। ৫ ফেব্রুয়ারি প্রতিক্ষণ প্রকাশিত 'জীবনানন্দ সমগ্র' সংযোজন খণ্ড। ১৯ ফেব্রুয়ারি প্রভাতকুমার দাস প্রণীত জীবনীগ্রন্থ 'জীবনানন্দ দাশ' ৬ ফাল্গুন ১৪০৫। ৫ সেপ্টেম্বর বাংলা অকাদেমি সংলগ্ন *জীবনানন্দ সভাঘর* উদ্‌বোধন।

২০০০ : ২১ ফেব্রুয়ারি ঢাকা থেকে প্রকাশিত চার খণ্ডে জীবনানন্দের 'কবিতা সমগ্র' 'উপন্যাস সমগ্র' 'গল্প সমগ্র' ও 'প্রবন্ধ সমগ্র' , সম্পাদক দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়। জুলাই, দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় : 'জীবনানন্দ দাশ : উত্তরপর্ব।'

২০০৪ : বইমেলা, প্রতিক্ষণ প্রকাশিত পাণ্ডুলিপি থেকে আহৃত নতুন কাব্য 'ছায়া আবছায়া' এবং নতুন উপন্যাস 'সফলতা-নিষ্ফলতা'।

২০০৫ : বইমেলা, প্রতিক্ষণ প্রকাশ সংস্থা থেকে ভূমেন্দ্র গুহ ও গৌতম মিত্র সম্পাদিত খণ্ডে খণ্ডে প্রকাশিতব্য 'পাণ্ডুলিপির কবিতা' প্রকাশারম্ভ। দ্বিতীয় খণ্ড (বইমেলা ২০০৯) থেকে সহযোগিতা গৌতম মিত্র। সপ্তম খণ্ড (জানুয়ারি ২০১০) থেকে সম্পাদক ভূমেন্দ্র গুহ, সহযোগী কেউ নেই। ভূমেন্দ্র গুহর সম্পাদনায় ত্রয়োদশ খণ্ড (জানুয়ারি ২০১২) ১৯৪০ অক্টোবর-ডিসেম্বর, বরিশালের ৩২ নম্বর পাণ্ডুলিপির খাতা পর্যন্ত পৌঁছেছে।

২০০৬ : জানুয়ারি, প্রতিক্ষণ প্রকাশিত 'চারটি উপন্যাস' একত্রে, যথাক্রমে, 'আমরা বেশ আছি', 'চৌত্রিশ বছর', 'কলকাতা ছাড়ছি', 'আমরা চারজন', এর তিনটি পাণ্ডুলিপির অপ্রকাশিত রচনা, একটি পূর্ব-প্রকাশিত। জানুয়ারি, নিউ স্ক্রিপ্ট প্রকাশিত 'শ্রেষ্ঠ কবিতা'।

২০০৭ : জানুয়ারি, নিউ স্ক্রিপ্ট প্রকাশিত 'জীবনানন্দের সমগ্র কবিতা' মাঘ ১৪১৩। সমগ্র কবিতায় যথাক্রমে 'ঝরা পালক', 'ধূসর পাণ্ডুলিপি', 'রূপসী বাংলা', 'বনলতা সেন', 'মহাপৃথিবী', 'সাতটি তারার তিমির', 'বেলা অবেলা কালবেলা', 'মনবিহঙ্গম', 'আলোপৃথিবী', 'ছায়া আবছায়া'। অতঃপর ২২০ পৃষ্ঠা অগ্রন্থিত কবিতা ও ৫৬ পৃষ্ঠা পাণ্ডুলিপির কবিতা গৃহীত হয়।

২০০৮ : ২২ অক্টোবর বুধবার বরিশালের মেয়র শওকত হোসেন হিরণ জীবনানন্দ দাশের বাড়ির প্রাঙ্গণে 'জীবনানন্দ অঙ্গন' নামফলক উন্মোচন করে জীবনানন্দ মৃত্যুবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠানমালার সূচনা করেন।

২০০৯ : জানুয়ারি, প্রতিক্ষণ প্রকাশিত 'দিনলিপি লিটারারি নোট্‌স্ জুলাই ১৯২৫ ও এপ্রিল ১৯২৯-মার্চ ১৯৩০' চার খণ্ডের প্রথম ও দ্বিতীয় খণ্ড, উদ্ধার ও বিশ্লেষণ ভূমেন্দ্র গুহ, সহযোগিতা গৌতম মিত্র। তৃতীয় খণ্ড ১ জুলাই, চতুর্থ খণ্ড ১৫ই অগস্ট প্রকাশিত। জানুয়ারি ১৯৪৮, ১৯৫০, ১৯৫১, ১৯৫২, ১৯৫৩ ও ১৯৫৪ এই ছ-বছরের দৈনিক কর্মসূচীর পাণ্ডুলিপি খাতা 'শেষ ছ বছর' প্রতিক্ষণ কর্তৃক প্রকাশিত। গবেষণা ও সম্পাদনা ভূমেন্দ্র গুহ। জানুয়ারি, 'সমগ্র প্রবন্ধ', সম্পাদনা ভূমেন্দ্র গুহ।

২০১১ : জানুয়ারি, নিউ স্ক্রিপ্ট প্রকাশিত 'জীবনানন্দ কবিতা সমগ্র' পাণ্ডুলিপি খণ্ড ১৯৩১-১৯৪০। ভূমিকা অমিতানন্দ দাশ।